

## প্রেস বিজ্ঞপ্তি

### ডেসকো'র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো) ২০০৮-০৯ ইং অর্থ বছরে শেয়ারহোল্ডারদের জন্য ১০০ টাকা মূল্যমানের প্রতি শেয়ারের বিপরীতে ২৫ টাকা হারে ক্যাশ ডিভিডেন্ড এবং ২০ শতাংশ হারে ষ্টক ডিভিডেন্ড ঘোষণা করেছে। এর ফলে ডেসকো'র শেয়ারহোল্ডাররা প্রতি শেয়ারের বিপরীতে ২৫ টাকা হারে নগদ লাভ এবং প্রতি ১০০ টি শেয়ারের বিপরীতে ২০ টি করে বোনাস শেয়ার পাবেন। ৬ জানুয়ারী (বুধবার), ২০১০ ইং বসুন্ধরা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত ডেসকো'র ১৩ তম বার্ষিক সাধারণ সভায় শেয়ার সংক্রান্ত এই সিদ্ধান্ত গৃহীত হয়।

ডেসকো বোর্ডের চেয়ারম্যান, সাবেক সচিব মোঃ শাহজাহান সিদ্দিকী, বীরবিক্রম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক সালেহ আহমেদ। সভায় ডেসকো'র পরিচালক (কারিগরি) মনজুর রহমান, পরিচালক (অর্থ) কুদরত-ই-খুদা এবং অন্যান্য পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারবৃন্দ, কোম্পানী সচিবসহ ডেসকো'র পদস্থ কর্মকর্তারা এই সাধারণ সভায় উপস্থিত ছিলেন।

ডেসকো'র চেয়ারম্যান সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন, বিদ্যুৎ খাতে ডেসকো একটি সাকসেস স্টোরি। তিনি ডেসকো'র উপর আস্থা রেখে বিনিয়োগ করার জন্য শেয়ারহোল্ডারদের ধন্যবাদ জানিয়ে বলেন, আগামী বছরগুলোতেও ডেসকো তার সাফল্য ধরে রাখার চেষ্টা করবে। সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগণ আলোচ্য অর্থ বছরে বিভিন্ন কার্যক্রমের উপর আলোচনা ও পরামর্শ প্রদান করে বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ২০০৬ সালের ১৮ জুন ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ-এ লিপিবদ্ধ কোম্পানী হিসাবে বাজারে শেয়ার ছাড়ার পর থেকে ডেসকো প্রতি বছর নিয়মিত বার্ষিক সাধারণ সভা করে আসছে। গত বছর অনুষ্ঠিত সাধারণ সভায় ২০০৭-০৮ ইং অর্থ বছরে শেয়ার প্রতি ২৫ শতাংশ ক্যাশ ডিভিডেন্ড এবং ৫ শতাংশ বোনাস শেয়ার ঘোষণা করা হয়েছিল।

এ বছরের বার্ষিক সাধারণ সভায় জানানো হয়, ডেসকো ২০০৮-০৯ ইং অর্থ বছরে প্রায় ১৬০ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে, যা এযাবৎ কালের মধ্যে সর্বোচ্চ। এছাড়া কোম্পানীর পক্ষ থেকে সরকারী কোষাগারে কর সহ বিভিন্ন খাতে মোট প্রায় ১০৮ কোটি টাকা জমা দেওয়া হয়েছে। এর মধ্যে আয় কর বাবদ প্রায় ৫৬ কোটি ২৭ লক্ষ টাকা এবং ভ্যাট ও অন্যান্য কর বাবদ প্রায় ৫২ কোটি ৬৮ লক্ষ টাকা জমা দেওয়া হয়েছে।

সভায় আরও জানানো হয় ২০০৮-০৯ ইং অর্থ বছরে ডেসকো'র মোট গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়ে ৪ লক্ষ ৩০ হাজার ৫৮৪-তে দাঁড়িয়েছে এবং গ্রাহকদের সেবার মান উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যে ডেসকো ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে।